

বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট
পরিসংখ্যান ও অর্থনীতি বিভাগ

ভিশন

বাংলাদেশ চা শিল্পের উৎপাদন, উন্নয়ন, সম্প্রসারণ, অর্থনীতি ও বানিজ্য সংক্রান্ত পরিসংখ্যানিক তথ্য উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ এবং বিজ্ঞান ভিত্তিক বিশ্লেষণ এর মাধ্যমে সাম্প্রতিক ডাটাবেজ তৈরী করে চা শিল্পের টেকসই অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে প্রয়োগ করা।

মিশন

পরিসংখ্যানিক তথ্য ও উপাত্ত হালনাগাদ রাখা ও বিজ্ঞানভিত্তিক অর্থনৈতিক বিশ্লেষণের মাধ্যমে চা শিল্পের আর্থসামাজিক উন্নয়নে ভূমিকা রাখা।

কার্যাবলী

চায়ের উৎপাদন, গবেষণা, সম্প্রসারণ ও লাভজনক অর্থনৈতিক বিশ্লেষণে পরিসংখ্যানিক তথ্য উপাত্ত প্রয়োগ করা বিটিআরআই এর পরিসংখ্যান ও অর্থনীতি বিভাগের উদ্দেশ্য। বিভাগের মূল কার্যক্রমগুলি নিম্নরূপ:

১. বিভাগীয় গবেষণা সংক্রান্ত তথ্য প্রাথমিক ও মাঠ পর্যায় হতে সংগ্রহ করে পরিসংখ্যানিক ও অর্থনৈতিক বিশ্লেষণ করে রিপোর্ট আকারে প্রকাশ করা।
২. উৎপাদিত চায়ের মাঠ ও কারখানা পর্যায়ে উৎপাদন খরচ (Cost of Production) ও লাভ লোকসান অনুপাত
৩. (Benefit Cost Ratio) নির্ণয়করণ।
৪. বিভিন্ন বিভাগ কতৃক পেশকৃত Experiment এর তথ্যাদির পরিসংখ্যানিক ও অর্থনৈতিক বিশ্লেষণ।
৫. চা উৎপাদনে পরিষ্কণ ফার্মসহ বিটিআরআই এর সমগ্র ভূমি ব্যবহার, বীজ ও চা জাবরা সংক্রান্ত বাৎসরিক রিটার্ন ডাটা তৈরী এবং বিটিবি ও বিসিএস এ প্রেরণ।
৬. মাসিক ও বাৎসরিক পরিসংখ্যান বুলেটিন তৈরী ও সংরক্ষণ।
৭. বিভিন্ন চা বাগানের মাসিক রূপ রিটার্ন, রেইনফল ইত্যাদি ডাটা সংরক্ষণ ও কমপাইল করা।
৮. শ্রম ও শ্রম মজুরী সংক্রান্ত তথ্য সংরক্ষণ ও হালনাগাদ রাখা।
৯. চায়ের উৎপাদন ব্যয় নির্ধারণ ও হালনাগাদ করা।
১০. গবেষণা পরিষ্কণ সমূহের অর্থনৈতিক বিশ্লেষণ এবং টেকনোলজি সম্প্রসারণ সংক্রান্ত তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ।
১১. চা শিল্পের শ্রমিক ও আর্থসামাজিক অবস্থা বিষয়ক তথ্য সংগ্রহ।
১২. ক্ষুদ্র চা শিল্পের সম্প্রসারণ ও ক্ষুদ্র চা চাষীদের অর্থনৈতিক সক্ষমতা বিশ্লেষণ।
১৩. উত্তরাঞ্চলে চা চাষ সম্প্রসারণে অর্থনৈতিক সমীক্ষা ও উপযোগিতা যাচাই।

চলমান গবেষণা কার্যক্রম

১. চা উৎপাদনে বিটিআরআই উদ্ভাবিত ক্লোনগুলোর লাভজনক অর্থনৈতিক সক্ষমতা যাচাই।
২. বাংলাদেশ চা শিল্পে বিটিআরআই উদ্ভাবিত টেকনোলজি সমূহের অভিযোজন ও সম্প্রসারণত অবস্থা নিরূপণ।
৩. চা আবাদের পাতা চয়নে মেশিন প্লাকিং-এ অর্থনৈতিক সক্ষমতা যাচাই।

পরিসংখ্যান ও অর্থনীতি সাম্প্রতিক কার্যক্রম

- সিলেট ও চট্টগ্রাম এবং পঞ্চগড় চা আবাদি এলাকার জন্য কেজি প্রতি সবুজ পাতার উৎপাদন ব্যয় এবং কেজি প্রতি সবুজ পাতার মূল্য নির্ধারণ।
- বাংলাদেশ চা শিল্পে বিটিআরআই উদ্ভাবিত টেকনোলজি (ক্লোন) সমূহের অভিযোজন ও সম্প্রসারণত অবস্থা নিরূপণ ও ডাটাবেজ তৈরী।
- বিটিআরআই এর বাৎসরিক সিওপি ও বেনিফিট কস্ট রেশিও (বিসিআর) নির্ধারণ।
- চলমান অর্থনৈতিক অবস্থায় ০-৫ বছরের আবাদ ব্যবস্থাপনার ব্যয় নির্ধারণ।
- বাংলাদেশ চা'র বাৎসরিক ফসল উৎপাদনের পূর্বাভাস প্রদান।
- বাংলাদেশের চা উৎপাদন, সম্প্রসারণ, অর্থনীতি ও বানিজ্য সংক্রান্ত মাসিক ও বাৎসরিক হালনাগাদ ডাটাবেজ তৈরী।
- চা শ্রমিকদের আর্থসামাজিক প্রেক্ষাপটে কর্মদক্ষতার অবস্থা সংক্রান্ত ডাটাবেজ তৈরী।

পরিসংখ্যান ও অর্থনীতি বিভাগের অর্জনসমূহ

- ১। চায়ের উৎপাদন ব্যয় নির্ধারণের বিভিন্ন নির্নায়ক নির্দিষ্ট করা হয়েছে।
- ২। চা বাগানের অর্থনৈতিক পরিসর নির্নয় করা হয়েছে।
- ৩। চা আবাদের **Break even point** নির্ধারণ করা হয়েছে।
- ৪। চা ফসলের বাৎসরিক উৎপাদন আগাম অনুমানের কৌশল নির্ণয়।
- ৫। বাংলাদেশ চা বাগানগুলোতে ভ্যালীভিত্তিক বিটিআরআই উদ্ভাবিত ক্লোনসমূহের সম্প্রসারণ তথ্য প্রকাশ করা হয়েছে।

ভবিষ্যৎ পরিকল্পনা

চা শিল্পের অর্থনৈতিক ও পরিসংখ্যানিক তথ্য সংগ্রহ, পর্যবেক্ষণ এবং বিশ্লেষণের মাধ্যমে লাভজনক চা চাষাবাদ নিশ্চিত করা হবে।

The future action plans in research:

1. Increase productivity by developing sick tea gardens (Study on economic support and feasibility for Increase the productivity of the sick gardens) (2021-2025).
2. Poverty alleviation and development of socio-economic status of the tea workers (Strengthening socio-economic status of tea workers of Bangladesh (2021-2025).
3. Strengthening tea industry by improving vulnerable factories (Find out economic efficiency of the different tea factories of Bangladesh) (2022-2024).
4. Develop a portal statistical database regarding all sector of tea cultivation (2021-23).
5. A study on economic profile in concern of current economic status of expenditure in some selected Tea Estates of greater Sylhet and Chittagong (2020-23).
6. Update the average Cost of production (COP) concerning the current economic condition of Bangladesh (2020-203).
7. Socio Economic and working efficiency of the workers at BEF of BTRI (2021-2022).

পরিসংখ্যান ও অর্থনীতি বিভাগের জনবল

রিসোর্স পার্সোনেল	অনুমোদিত পোস্ট	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা	০১	-	০১
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	০১	০১	-
বৈজ্ঞানিক কর্মকর্তা	০১	-	০১
সাপোর্ট সার্ভিস:			
পরিসংখ্যান সহকারী	০১	-	০১
অফিস সহায়ক	০১	০১	-

(সীমাবদ্ধতা: পরিসংখ্যান ও অর্থনীতি বিভাগে বৈজ্ঞানিক ও টেকনিশিয়ান পদগুলো দীর্ঘদিন শূন্য থাকায় গবেষণা কর্মকাণ্ড গুলি সাময়িকভাবে বন্ধ ছিল।)